

Embassy of the  
People's Republic of Bangladesh  
Doha, Qatar



سفارة  
جمهورية بنغلاديش الشعبية  
الدوحة - قطر

তারিখঃ ২৬-১১-২০২৩খি:

### কৃতি প্রবাসীদের সম্মাননা প্রদান বিজ্ঞপ্তি

সম্মানিত কাতার প্রবাসী বাংলাদেশি নাগরিকগণের সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, দূতাবাস কর্তৃক জাতীয় প্রবাসী দিবস-২০২৩ উপলক্ষে কৃতি প্রবাসীদের সম্মাননা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে কাতারে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকদের বৈধপক্ষে ১ জানুয়ারি-২০ ডিসেম্বর ২০২৩খি. তারিখ পর্যন্ত সর্বোচ্চ রেমিট্যান্স প্রেরণের (সর্বনিম্ন ১ লক্ষ মার্কিন ডলার) মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখার স্বীকৃতিস্বরূপ ০৫ (পাঁচ) জনকে সরকারি অনুমোদন ক্রমে এ বছর এ সম্মাননা প্রদান করা হবে।

এ লক্ষ্যে আগ্রহী প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে তাদের আবেদনপত্র ও সকল প্রমাণকসহ আগামী ২০ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন দূতাবাসের মূল গেইটে জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

আবেদন ফরম ও এ-সংক্রান্ত নীতিমালা দূতাবাসের ওয়েবসাইট ([doha.mofa.gov.bd](http://doha.mofa.gov.bd)) ফেইজবুক পেজ (Embassy of Bangladesh, Doha) অথবা দূতাবাসের মূল গেইট থেকে সংগ্রহ করা যাবে।



দূতাবাস কর্তৃপক্ষ